

ঢাকা বিশ্ববিদ্যালয়

সন্ত্রাস ও অস্থিরতার জন্য ক্যালেন্ডার
অনুসারে পরীক্ষা ও ক্লাস হচ্ছে না

বিশ্ববিদ্যালয় রিপোর্টার। ঢাকা বিশ্ববিদ্যালয়ে একাডেমিকে ক্যালেন্ডার বাস্তবায়িত না হবার আশঙ্কা দেখা দিয়েছে। ক্যাম্পাসে অব্যাহত সন্ত্রাস ও দেশের রাজনৈতিক অবস্থার প্রেক্ষিতে ক্যালেন্ডার অনুযায়ী পরীক্ষা ও ক্লাস সম্পন্ন করা সম্ভব হচ্ছে না। ফলে সেশনজটের কালো থাবা আবারও গ্রাস করতে পারে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-ছাত্রীদের। বর্তমান রাজনৈতিক সঙ্কট অব্যাহত থাকলে বহু প্রতীক্ষিত একাডেমির ক্যালেন্ডার বাস্তবায়িত না হবার আশঙ্কা ব্যক্ত করেছেন উপ-উপাচার্য অধ্যাপক ওয়াকিল আহমদ।

সেশনজটের অভিযান থেকে ছাত্র-ছাত্রীদের মুক্ত করার লক্ষ্যে ১৯৯৩ সালে একমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ে একাডেমিক ক্যালেন্ডার চালু করা হয়। শত প্রতিশ্রুতি উপেক্ষা করে শিক্ষক ও ছাত্রদের সহযোগিতায় তা বাস্তবায়ন সম্ভব হয়। এক বছর এ ক্যালেন্ডার বাস্তবায়িত হওয়ায় প্রথম বর্ষের সেশনজট হ্রাস পায় অন্তত ৬ মাস। ফলে দ্বিগুণ উৎসাহ নিয়ে ১৯৯৪ সালে আবারও বর্ধিত পরিসরে এ

ক্যালেন্ডার প্রণয়নের পর জুলাই মাসে ঠিকঠাকমতো অনুষ্ঠিত হয় পরীক্ষা ও ক্লাস। কিন্তু আগস্ট মাস থেকে উত্তর হয়ে ওঠে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। ছাত্র সংগঠনগুলোর মধ্যে একাধিকবার সংঘর্ষের ফলে ব্যাহত হয় শিক্ষার পরিবেশ। দেশের বর্তমান রাজনৈতিক অবস্থার ফলে ক্যাম্পাসের একাডেমিক কার্যক্রম একেবারে অচল হয়ে পড়েছে। ইতোমধ্যে ক্লাস ও পরীক্ষা ছাড়াই অতিবাহিত হয়েছে দু'সপ্তাহ। এ অবস্থা অব্যাহত থাকলে নতুন করে সেশনজট মাথাচাড়া দিয়ে উঠবে বলে বিশ্ববিদ্যালয়ের ছাত্র ও শিক্ষকরা আশঙ্কা করছেন। এ প্রসঙ্গে যোগাযোগ করা হয় একাডেমিক ক্যালেন্ডারের মূল চালিকাশক্তি ও ঢাকা বিশ্ববিদ্যালয় উপ-উপাচার্য অধ্যাপক ওয়াকিল আহমদ-এর সাথে। তিনি বলেন, এখন থেকে ক্লাস ঠিকমতো চালান সম্ভব হলেও একাডেমিক ক্যালেন্ডার বাস্তবায়ন সম্ভব হবে না। আর রাজনৈতিক স্থিতিশীলতা ফিরে না এলে সেশনজট নিরসনের সফলতা ব্যর্থতার পর্যবসিত হবে।